গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয়
গাজীপুর ১৭০৬, বাংলাদেশ, টেলিফোন-(০২)৯৯৬৬৯৫৩২৩, ফ্যাক্স-০২-৯৯৬৬৯৫৩১৬, ৯৯৬৬৯৫৩৩৩, পিএবিএক্স: ৯৯৬৬৯৫৩১০-১৪

স্মারক নং-গাকৃবি/প্রশা:/এন-২৩/২০২৬/৩২৬২ তারিখ: ২৩/০৪/২০২৬

# বিজ্ঞপ্তি

**বিষয়: বর্তমান বৈশ্বিক সংকটের পরিপ্রেক্ষিতে জাতীয় পর্যায়ে বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়ে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়ন প্রসঙ্গে।**

**সূত্র:** ১) ইউজিসি'র ২০/০৪/২০২৬ তারিখের ৩৭.০১.০০০০.০০০.০৩১.৯৯.০০০৪.২১.১৪১;
২) শিক্ষা মন্ত্রণালয়ের ১২/০৪/২০২৬ তারিখের ৩৭.০০.০০০০.০০০.০৬১.৯৯.০০৫২.১৮.২৩৯; এবং
৩) মন্ত্রিপরিষদ বিভাগের ৩১/০৩/২০২৬ তারিখের ০৪.০০.০০০০.০০০.৪১৬.৯৯.০০০১.২৬-১৭৯ সংখ্যক স্মারকে জারীকৃত আধা-সরকারি পত্র।

এতদ্দ্বারা বিশ্ববিদ্যালয়ের সকল ছাত্র-ছাত্রী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বর্তমান বৈশ্বিক সংকটের পরিপ্রেক্ষিতে জাতীয় পর্যায়ে বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয় করার লক্ষ্যে ৩নং সূত্রে উল্লিখিত নিম্নোক্ত নির্দেশনাসমূহের প্রতিপালন অধিকতর নিশ্চিত করণার্থে সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো। এতদ্বিষয়ে সকলের সহযোগিতা একান্তভাবে কাম্য।

**নির্দেশনাসমূহ:**

ক) বিদ্যমান বৈদ্যুতিক বাতির অর্ধেক (৫০%) ব্যবহার। এ লক্ষ্যে প্রয়োজনের অতিরিক্ত লাইটের ব্যবহার পরিহার;
খ) শীততাপ নিয়ন্ত্রণযন্ত্র ব্যবহারের ক্ষেত্রে তাপমাত্রা ২৫.১ ডিগ্রি সেলসিয়াস বা তার উপরে স্থিরিকরণ;
গ) অফিস কক্ষ ত্যাগ করার সময় কক্ষের বাতি, ফ্যান, এয়ার কন্ডিশনারসহ সকল বৈদ্যুতিক সরঞ্জাম বন্ধকরণ;
ঘ) অফিসের করিডোর, সিঁড়ি, ওয়াশরুম ইত্যাদি স্থানে অপ্রয়োজনীয় বাতি ব্যবহার বন্ধকরণ;
ঙ) প্রয়োজনের সময় ব্যতিরেকে ইলেকট্রিক কেটলিতে বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করে রাখা;
চ) কর্মকর্তা-কর্মচারীদের যথাসময়ে অফিসে উপস্থিতি নিশ্চিতকরণ;
ছ) বিনষ্টযোগ্য, পুরাতন নথি, ভাঙ্গা ও অব্যবহৃত আসবাবপত্র অফিসের মধ্যে যত্রতত্র না রেখে যথাস্থানে সংরক্ষণ ও বিধি মোতাবেক নিষ্পত্তিকরণ; এবং
জ) সার্বিক পরিষ্কার-পরিচ্ছন্নতা নিশ্চিতকরণ।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে-

**সংযুক্তি: বর্ণনামতে।**

২৩.৪.২০২৬
(মো. আবদুল্লাহ মৃধা)
রেজিস্ট্রার (চলতি দায়িত্ব)
তারিখ: ২৩/০৪/২০২৬

স্মারক নং-গাকৃবি/প্রশা:/এন-২৩/২০২৬/৩২৬২
সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. প্রো-ভাইস-চ্যান্সেলর, গাকৃবি।
২. সকল ডীন, গাকৃবি (ছাত্র-ছাত্রীদের বিষয়টি অবহিতকরণের অনুরোধসহ)।
৩. সকল বিভাগীয় প্রধান, গাকৃবি (বিষয়টি অধীনস্তদের অবহিতকরণের অনুরোধসহ)।
৪. সকল পরিচালক ও গ্রন্থাগার প্রধান, গাকৃবি।
৫. প্রক্টর, গাকৃবি।
৬. সকল হল প্রভোস্ট, গাকৃবি।
৭. সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী, গাকৃবি।
৮. সকল অনুষদ/বিভাগ/শাখা/দপ্তরের জ্যেষ্ঠ কর্মকর্তা, গাকৃবি (বিষয়টি অধীনস্তদের অবহিতকরণের অনুরোধসহ)।
৯. পিএস টু ভিসি, ভিসি দপ্তর, গাকৃবি।
১০. সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, গাকৃবি (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১. সহকারী রেজিস্ট্রার, ট্রেজারার দপ্তর, গাকৃবি।
১২. AHE, রেজিস্ট্রার দপ্তর, গাকৃবি (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মাস্টার কপি)।
১৩. অফিস নথি/সকল নোটিশ বোর্ড (হলসমূহসহ)।

২৩/০৪/২০২৬
(মোহাম্মদ শাহ আলম মোল্লাহ)
সহকারী রেজিস্ট্রার

হামিদ I:\বিবিধ অফিস আদেশ\বিজ্ঞপ্তি.docx

SO
AR (S)
22.4.2026

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
আগারগাঁও, শের-ই-বাংলানগর, ঢাকা-১২০৭।
এইচআরএম শাখা
----

**স্মারক নম্বর:** ৩৭.০১.০০০০.০০০.০৩১.৯৯.০০০৪.২১.১৪১

তারিখ: ৭ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ
২০ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

**বিষয়: বর্তমান বৈশ্বিক সংকটের পরিপ্রেক্ষিতে জাতীয় পর্যায়ে বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়ে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়ন।**

সূত্র: ৩৭.০০.০০০০.০০০.০৬১.৯৯.০০৫২.১৮.২৩৯, তারিখ : ১২ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ থেকে প্রাপ্ত মন্ত্রিপরিষদ বিভাগের আধা-সরকারি পত্রের নির্দেশনা মোতাবেক বর্তমান বৈশ্বিক সংকটের পরিপ্রেক্ষিতে জাতীয় পর্যায়ে বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়ের লক্ষ্যে উক্ত পত্রে বর্ণিত মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত নির্দেশনার আলোকে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

সংযুক্তি : ১। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ থেকে প্রাপ্ত পত্র।
২। মন্ত্রিপরিষদ বিভাগের আধা-সরকারি পত্র ।

Tahmina Rahman

২০-০৪-২০২৬
তাহমিনা রহমান
যুগ্ম-সচিব (প্রশাসন)

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। রেজিস্ট্রার, পাবলিক বিশ্ববিদ্যালয় (সকল) এবং
২। রেজিস্ট্রার, বেসরকারি বিশ্ববিদ্যালয় (সকল)।

**স্মারক নম্বর:** ৩৭.০১.০০০০.০০০.০৩১.৯৯.০০০৪.২১.১৪১/১ (৩)

তারিখ: ৭ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ
২০ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব/পরিচালক (সকল বিভাগ), ইউজিসি, ঢাকা ।
২। পিএস (অতিরিক্ত পরিচালক), চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন এবং
৩। ব্যক্তিগত কর্মকর্তা (পিও), প্রশাসন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন।

২০-০৪-২০২৬
কাজী মো: ইসমাইল হোসেন
সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
প্রশাসন ও সংস্থাপন শাখা
www.shed.gov.bd

**স্মারক নম্বর:** ৩৭.০০.০০০০.০০০.০৬১.৯৯.০০৫২.১৮.২৩৯

তারিখ: ২৯ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
১২ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

**বিষয়: বর্তমান বৈশ্বিক সংকটের পরিপ্রেক্ষিতে জাতীয় পর্যায়ে বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়ে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়ন সংক্রান্ত।**

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগ এর আধা-সরকারি পত্র নম্বর: ০৪.০০.০০০০.০০০.৪১৬.৯৯.০০০১.২৬-১৭৯; তারিখ: ৩১ মার্চ ২০২৬।

মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রাপ্ত সূত্রোক্ত আধা-সরকারি পত্রের নির্দেশনা মোতাবেক বর্তমান বৈশ্বিক সংকটের পরিপ্রেক্ষিতে জাতীয় পর্যায়ে বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়ের লক্ষ্যে উক্ত পত্রে বর্ণিত মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত নির্দেশনার আলোকে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত : বর্ণনা মোতাবেক।

**সংযুক্তিঃ**
(১) ডিও মন্ত্রিপরিষধ সচিব (বিদ্যুৎ সাশ্রয় সংক্রান্ত)

১২-০৪-২০২৬
মো: রাজিবুল আলম
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫৪৯১৩০
ইমেইল : sas_admin1@moedu.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
১। চেয়ারম্যান, চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন।
২। চেয়ারম্যান, চেয়ারম্যান দপ্তর, বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল।
৩। চেয়ারম্যান , চেয়ারম্যান এর দপ্তর , বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)।
৪। মহাপরিচালক, মহাপরিচালক এর দপ্তর, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)।
৫। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর , প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট।
৬। মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), মহাপরিচালকের দপ্তর , মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।
৭। পরিচালক, মহাপরিচালক এর দপ্তর, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট।
৮। ডেপুটি সেক্রেটারি জেনারেল, ডেপুটি সেক্রেটারি জেনারেল এর দপ্তর, বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন।
৯। প্রধান প্রকৌশলী (রুটিন দায়িত্ব), প্রধান প্রকৌশলী-এর দপ্তর, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর।
১০। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি।
১১। চেয়ারম্যান (অতিরিক্ত দায়িত্ব), চেয়ারম্যান এর দপ্তর, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড।
১২। পরিচালক, পরিচালকের দপ্তর, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর।
১৩। চেয়ারম্যান , চেয়ারম্যানের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

১৪। চেয়ারম্যান , চেয়ারম্যানের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লা।
১৫। চেয়ারম্যান, চেয়ারম্যানের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর।
১৬। চেয়ারম্যান, চেয়ারম্যানের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
১৭। চেয়ারম্যান , চেয়ারম্যানের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।
১৮। চেয়ারম্যান , চেয়ারম্যানের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী।
১৯। চেয়ারম্যান, চেয়ারম্যান দপ্তর , মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম।
২০। চেয়ারম্যান, চেয়ারম্যানের দপ্তর, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল।
২১। চেয়ারম্যান (Deputation), চেয়ারম্যান এর দপ্তর, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,ময়মনসিংহ।
২২। সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
২৩। সদস্য সচিব (রুটিন দায়িত্ব), বোর্ড সচিবের দপ্তর, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক ও কর্মচারী অবসর সুবিধা বোর্ড এব ং
২৪। সদস্য সচিব, সদস্য সচিবের দপ্তর , বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক কর্মচারী কল্যাণ ট্রাস্ট।

**স্মারক নম্বর:** ৩৭.০০.০০০০.০৩০.০৬১.৯৯.০০৫২.১৮.২৩৯/১ (৩)

তারিখ: ২৯ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
১২ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
১। যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
২। সচিব এর একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এবং
৩। ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন ও অর্থ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।

১২-০৪-২০২৬
মো: রাজিবুল আলম
সিনিয়র সহকারী সচিব

নাসিমুল গনি
মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ফোন: +৮৮০২-২২৬৬৪১৪৪৪
ফ্যাক্স: +৮৮০২-২২৩৩৮৬৫৫৯
ই-মেইল: cab_secy@cabinet.gov.bd

আধা-সরকারি পত্র নম্বর: ০৪.০০.০০০০.০০০.৪১৬.৯৯.০০০১.২৬.১৭৯ তারিখ: ১৭ চৈত্র ১৪৩২ / ৩১ মার্চ ২০২৬

প্রিয় সচিব,

আপনি অবগত রয়েছেন যে, বর্তমান বৈশ্বিক সংকটের পরিপ্রেক্ষিতে জাতীয় পর্যায়ে বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয় করার লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়ে বিশেষ গুরুত্ব প্রদান করেছেন। এ ছাড়া দাপ্তরিক সেবা প্রদান নিশ্চিত করার লক্ষ্যে কর্মকর্তা-কর্মচারীদের যথাসময়ে উপস্থিতি নিশ্চিত করার নির্দেশনা প্রদান করেছেন। সরকারি, স্বায়ত্তশাসিত ও সংবিধিবদ্ধ সংস্থা এবং কর্পোরেশনসহ সকল অফিসে কর্মকর্তা-কর্মচারীদের যথাসময়ে উপস্থিতি, বিদ্যুৎ ও জ্বালানি ব্যবহারে সাশ্রয়ী ও দায়িত্বশীল আচরণ নিশ্চিতকরণার্থে ইতঃপূর্বে মন্ত্রিপরিষদ বিভাগ থেকে নির্দেশনা প্রদান করে পত্র জারি করা হয়েছে। এতদ্‌সত্ত্বেও বিভিন্ন দপ্তরে এর ব্যত্যয় পরিলক্ষিত হচ্ছে।

২। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়নে নিম্নোক্ত বিষয়ে আপনার ব্যক্তিগত হস্তক্ষেপ কামনা করছি:

(ক) বিদ্যমান বৈদ্যুতিক বাতির অর্ধেক (৫০%) ব্যবহার। এ লক্ষ্যে প্রয়োজনের অতিরিক্ত লাইটের ব্যবহার পরিহার;
(খ) শীততাপ নিয়ন্ত্রণযন্ত্র ব্যবহারের ক্ষেত্রে তাপমাত্রা ২৫.১ ডিগ্রি সেলসিয়াস বা তার উপরে স্থিরিকরণ;
(গ) অফিস কক্ষ ত্যাগ করার সময় কক্ষের বাতি, ফ্যান, এয়ার কন্ডিশনারসহ সকল বৈদ্যুতিক সরঞ্জাম বন্ধকরণ;
(ঘ) অফিসের করিডোর, সিঁড়ি, ওয়াশরুম ইত্যাদি স্থানে অপ্রয়োজনীয় বাতি ব্যবহার বন্ধকরণ;
(ঙ) প্রয়োজনের সময় ব্যতিরেকে ইলেকট্রিক কেটলিতে বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করে রাখা;
(চ) কর্মকর্তা-কর্মচারীদের যথাসময়ে অফিসে উপস্থিতি নিশ্চিতকরণ;
(ছ) বিনষ্টযোগ্য, পুরাতন নথি, ভাঙ্গা ও অব্যবহৃত আসবাবপত্র অফিসের মধ্যে যত্রতত্র না রেখে যথাস্থানে সংরক্ষণ ও বিধি মোতাবেক নিষ্পত্তিকরণ; এবং
(জ) সার্বিক পরিষ্কার-পরিচ্ছন্নতা নিশ্চিতকরণ।

৩। এমতাবস্থায়, আপনার মন্ত্রণালয় এবং নিয়ন্ত্রণাধীন সকল দপ্তর/সংস্থায় উপর্যুক্ত নির্দেশনাসমূহ প্রতিপালন নিশ্চিতকরণের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করছি।

গভীর শ্রদ্ধা ও শুভ কামনাসহ

আন্তরিকভাবে আপনার,

(নাসিমুল গনি)

জনাব আবদুল খালেক
সচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা)-এর দপ্তর
ডায়েরী নং ৪৭৬
তারিখ: ০৫/০৪/২৬
যুগ্মসচিব

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) এর দপ্তর

| ডাইরী নং ৪২০ | তারিখ: ৫/৪/২৬ |
| --- | --- |
| যুগ্মসচিব | প্রশাসন |
| উপসচিব/সিসস/সিনিঃপ্র | প্রশাসন ও সমন্বয়/বাজেট/প্রশিক্ষণ/সেবা/সংসদ/সমন্বয়/আইসিটি শাখা |

অতিঃ সচিব (প্রশাঃ ও অঃ)

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
শাখা-প্রশাসন-১ মন্ত্রণালয়
ডাইরী নং ৬৬১
তারিখ ৬/৪/২৬